36

দৈনিক ইনকিলাব

তারিখ 06 MAY 1997
পৃষ্ঠা ৭২ কলাম ৭

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ১ম বর্ষ অনার্স শ্রেণীতে ৯শ' আসনে ভর্তির জন্য ৩২ হাজার ৩শ'টি আবেদন

মানিক মনির ।। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স শ্রেণীতে প্রায় নয়শত আসনের জন্য ৩২,৩০৯টি আবেদনপত্র জমা পড়েছে। ১টি আসনে ভর্তির জন্য গড়ে ৩৫ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি পরীক্ষার মাধ্যমে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। গত শিক্ষাবর্ষে ৯৬২টি আসনের জন্য ৩২,২০০টি ফরম জমা পড়েছিল। আগামী ১১ থেকে ১৮ মে পর্যন্ত চারটি পৃথক ইউনিটের মাধ্যমে আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা কমিটি সূত্র থেকে জানা গেছে যে, ১১ থেকে ১৩ মে পর্যন্ত 'খ-ইউনিট', ১৩ থেকে ১৫ মে পর্যন্ত 'ক-ইউনিট', ১৫ থেকে ১৭ মে 'ঘ-ইউনিট' এবং ১৭ ও ১৮ তারিখে 'গ-ইউনিটের' পরীক্ষাসমূহ প্রতিদিন বেলা ৯-৩০টা থেকে ৫-০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

গত বুধবার ছিল আবেদনপত্র বিক্রয় ও জমা নেয়ার শেষ দিন। ক, খ, গ ও ঘ এই চারটি ইউনিটের ডীন সূত্রে জানা গেছে, ক-ইউনিটে ৮,০৮৬টি, খ-ইউনিটে ১০,৩৬১টি, গ ইউনিটে ৬,৫৫০টি এবং ঘ ইউনিটে ৭,৩১২টি ফরম জমা পড়েছে। ক-ইউনিটের অধীনে মোট ছয়টি বিষয় হল— ইলেকট্রনিক্স ও কম্পিউটার বিজ্ঞান, গণিত, পদার্থবিজ্ঞান, পরিসংখ্যান, ভূ-তাত্ত্বিক বিজ্ঞান ও রসায়ন; খ-ইউনিটের অধীনে পাঁচটি বিষয় হল— অর্থনীতি, নৃবিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, ভূগোল এবং সরকার ও রাজনীতি; গ-ইউনিটের অধীনে ছয়টি বিষয় হল— ইংরেজী, ইতিহাস, দর্শন, নাটক ও নাট্যতত্ত্ব, প্রত্নতত্ত্ব ও বাংলা এবং ঘ-ইউনিটে তিনটি বিষয় হল— উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান ও ফার্মেসী।

চলতি ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে কিছুটা পরিবর্তন আনা হয়েছে। এ পরিবর্তিত নিয়ম অনুযায়ী আবশ্যিক বিষয়ে নির্ধারিত ২০-এর মধ্যে কমপক্ষে ৭ এবং ভর্তিচ্ছু বিষয়ে ৮০ নম্বরের মধ্যে কমপক্ষে ২৮ অবশ্যই পেতে হবে। পূর্বে আবশ্যিক ও ভর্তিচ্ছু বিষয়ে কমপক্ষে যথাক্রমে ৬ ও ২৪ নম্বর পেতে হত। উল্লেখ্য, চলতি বছর ছেলেদের হলগুলোতে বেশী আসন ফাঁকা হবে বলে ছাত্রীদের তুলনায় বেশী ছাত্র ভর্তি করানো হবে।